

নথি অফিসঃ ----
নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: নথির বিষয়:

নোট: ১ নোটের বিষয়: Supply of Laboratory Re-Agent, chemicals equipment & others related item for PWTP (Lot-01) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১/৮/২৩ ৪:৫৭ অপরাহ্ন


উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার পদ্মা পানি শোধনাগারের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান আছে। বর্তমানে পানি শোধনাগার হতে দৈনিক প্রায় ২৫-৩০ কোটি লিটার পরিশোধিত পানি ঢাকা শহরের সরবরাহ নেটওয়ার্কে যুক্ত হচ্ছে। পরিশোধিত পানির গুণগত মান বজায় রাখা এবং পানি পরিশোধনে ব্যবহৃত বিভিন্ন রাসায়নিক দ্রব্যাদির সঠিক মাত্রা বজায় রাখার জন্য নিয়মিত পানির নমুনা পরীক্ষার প্রয়োজন হয়। কিন্তু প্লান্টের ল্যাবরেটরিতে প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি (Re-agents) না থাকায় পানির নমুনা পরীক্ষা করা কষ্টকর হচ্ছে। ফলে মান-নিয়ন্ত্রণ এবং পানি পরিশোধনে ব্যবহৃত রাসায়নিক দ্রব্যাদির যথাযথ পরিমাণ (Dosing) বজায় রাখতে খুবই অসুবিধা হচ্ছে। প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি (Re-agents) না থাকায় নিয়োজিত জনবল যথাযথ কাজে লাগানো সম্ভব হচ্ছেনা। এছাড়া Raw-Water & Treated Water এর গুণগত মান পরীক্ষা করার জন্য ওয়াসা ব্যতীত বিভিন্ন প্রতিষ্ঠানের ল্যাবরেটরিতে (বুয়েট, বিসিএসআইআর, এসজিএস বাংলাদেশ, এবং বিএসটিআই) মাসিক ভিত্তিতে বিভিন্ন পেরামিটার পরীক্ষা করা হয়। তাই বিদ্যমান ল্যাবরেটরীর স্বক্ষমতা বৃদ্ধি, কর্মরত জনবল যথাযথভাবে কাজে লাগানো ও পরিশোধিত পানির যথাযথ মান-নিয়ন্ত্রণের স্বার্থে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১/৮/২৩ ৪:৫৮ অপরাহ্ন

পানি শোধনাগারের ল্যাবরেটরিতে পানির নমুনার সকল পরীক্ষাদি সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি (Re-agents) সংগ্রহের লক্ষ্যে ল্যাবরেটরী হতে চাহিদাপত্র পাওয়া গিয়াছে। উক্ত চাহিদাপত্রের ভিত্তিতে পূর্বের অনুমোদিত দর ও বর্তমান বাজার দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে প্রাক্কলনের পরিমান দাঁড়িয়েছে সর্বমোট ২৪,৯৭,৮৫০/= (চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার আটশত পঞ্চাশ)। আলোচ্য কাজটি পিপিএ ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) e-GP তে দরপত্র আহবানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। উক্ত প্রাক্কলনের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ১২৩ প্যাকেজ APP/23-24/G/87 এ ধরা আছে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১/৮/২৩ ৫:০১ অপরাহ্ন


এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ এবং ১.১ এর বিস্তারিত বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে বিদ্যমান ল্যাবরেটরীর স্বক্ষমতা বৃদ্ধি, কর্মরত জনবল যথাযথভাবে কাজে লাগানো ও পরিশোধিত পানির যথাযথ মান-নিয়ন্ত্রণের স্বার্থে রাসায়নিক দ্রব্যাদি ক্রয় কাজে উপস্থাপিত সর্বমোট ২৪,৯৭,৮৫০/= (চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার আটশত পঞ্চাশ) টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিএ ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) e-GP তে দরপত্র আহবানের মাধ্যমে সরবরাহ নেয়ার অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



১/৮/২৩ ৫:১০ অপরাহ্ন
অমিত বিশ্বাস
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



২/৮/২৩ ১০:৪৯ পূর্বাহ্ন
মাহমুদ রিয়াদ
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



২/৮/২৩ ১০:০৯ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

২/৮/২৩ ১০:০৯ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


সংযুক্তিসমূহ (৬):

- ১। ০১। ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.pdf
- ২। ০২। ল্যাবরেটরী হতে প্রাপ্ত চাহিদাপত্র।.pdf
- ৩। ০৩। দরের স্বাপেক্ষে কোটেশন সংগ্রহের লক্ষ্যে প্রেরিত পত্রের কপি।.pdf
- ৪। ০৪। দরের স্বাপেক্ষে সংগৃহীত কোটেশন।.pdf
- ৫। ০৫। প্রস্তাবিত রি-এজেন্ট এর ছবি।.pdf

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩/৮/২৩ ৭:২২ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.1 & 1.2



৩/৮/২৩ ৭:২৩ পূর্বাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~৩/৮/২৩ ৭:২৩ পূর্বাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও~~
~~রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৫/৮/২৩ ২:৩৯ অপরাহ্ন

অনুমোদিত




৫/৮/২৩ ২:৩৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


~~৫/৮/২৩ ২:৩৯ অপরাহ্ন~~
~~গাজী আসরিব বিন সালাম~~
~~নির্বাহী প্রকৌশলী~~
~~পদ্মা পানি শোধনাগার~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৫/৮/২৩ ৯:৩৬ অপরাহ্ন


অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহবানের ব্যবস্থা করুন। দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তি করুন।



৫/৮/২৩ ৯:৩৬ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



১৪/৮/২৩ ১২:৩৬ পূর্বাহ্ন
মাহমুদ রিয়াদ
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



৩১/৮/২৩ ৫:৪৯ অপরাহ্ন
অমিত বিশ্বাস
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার